বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**১৫ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নুরুল ইসলাম সরকার<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৫ এপ্রিল, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বিগত ১৫ এপ্রিল, ২০২৩ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৩/০৪/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল অতিরিক্ত মহাপরিচালক, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর এবং পরিচালক, অর্থ পরিদপ্তর উপস্থিত ছিলেন। এছাড়াও, প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলীগণ, সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকগণ, মাঠ পর্যায়ের সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। প্রধান প্রকৌশলী, মনিটরিং সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২২-২৩ অর্থবছরে আরএডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২১টি চলমান প্রকল্পের অনুকূলে ১১৩২৪.৩৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ১০২৮৪.৬৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩৯.৬৬ কোটি টাকা এবং টাকাংশ ৯৭৪.৫৪ কোটি টাকা । ১ জুলাই ২০২২ হতে ১৩ এপ্রিল ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৫৯৭৭.৯৭ কোটি (জিওবি ৫৬০৮.৯০ কোটি, প্রকল্প সাহায্য ৩৬৯.০৭ কোটি ও টাকাংশ ৩৪৭.৪৯ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৫২.৭৯%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৪২৩২.০২ কোটি (জিওবি ৩৮৯৭.৪৩ কোটি, প্রকল্প সাহায্য ৩৩৪.৬০ কোটি ও টাকাংশ ৩১৩.০৩ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৩৭.৩৭%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৫৮.০৩%। বাস্তবায়নাধীন ১২১টি প্রকল্পের মধ্যে ১টি আরএডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। আরএডিপি অনুমোদন পরবর্তী আরো ৭টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। আরএডিপিভুক্ত, আরএডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (১২১+১+৭)= ১২৯টি, যার মধ্যে ৩১টি প্রকল্প চলতি ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত/ নির্দেশনা</th><th>বাস্তবায়নকারী (সময়সীমা)</th></tr>
<tr><td>১</td><td>২০২২-২৩ অর্থবছরে আরএডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২১টি চলমান প্রকল্পের অনুকূলে ১১৩২৪.৩৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ১০২৮৪.৬৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩৯.৬৬ কোটি টাকা এবং টাকাংশ ৯৭৪.৫৪ কোটি টাকা । অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন বাপাউবোর প্রকল্পের অনুকূলে ৮৭৯৯.৪৬ কোটি টাকা ব্যয়যোগ্য বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৭৭৫৯.৮০ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩৯.৬৬ কোটি টাকা এবং টাকাংশ ৯৭৪.৫৪ কোটি টাকা ।</td><td>ব্যয়যোগ্য বরাদ্দকৃত সমুদয় অর্থ যদি প্রকল্প সংশ্লিষ্ট দপ্তর খরচ করতে না পারে তবে তা আগেই জানিয়ে দিতে হবে যাতে উপযোজন করে অন্য প্রকল্পের বরাদ্দ বৃদ্ধি করে অগ্রগতি ত্বরান্বিত করা যায়। প্রকল্পভিত্তিক বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয় করার প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল)</td></tr>
<tr><td>২</td><td colspan="2">কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা জোন এর প্রকল্প নিয়ে আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>“ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ (১ম সংশোধিত) ” শীর্ষক প্রকল্পের ভৌত কাজ জুন,২০২৪ এর মধ্যে সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>“চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির আওতায় গৃহিত সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলের প্রেক্ষিতে আগামী এক মাসের মধ্যে সংশোধিত ডিপিপি দাখিল করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, কুমিল্লা</td></tr>
<tr><td>৪</td><td colspan="2">দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>“চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পের অগ্রগতি বৃদ্ধি করতে হবে এবং ফ্লাড ওয়াল নির্মাণ কাজ সম্ভব না হলে তা বাদ দিয়ে ডিপিপি সংশোধনের জন্য প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্রগ্রাম</td></tr>
<tr><td>৫</td><td colspan="2">দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) “সাতক্ষীরা জেলার পোল্ডার নং-১, ২, ৬-৮ এবং ৬-৮ (এক্সটেনশন) এর নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে ডিজাইন ডাটা চুড়ান্ত করে যথাদ্রুত সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলে প্রেরণ করতে হবে।<br>খ) “কপোতাক্ষ নদের জলাবদ্ধতা দূরীকরণ প্রকল্প (২য় পর্যায়)” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>গ) “খুলনা জেলার পোল্ডার নং-১৪/১ এর পুনর্বাসন” প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে ডিজাইন ডাটা চুড়ান্ত করে যথাদ্রুত সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলে প্রেরণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা</td></tr>
</table>

৬। মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-

ক) প্রকল্পের আওতায় কোন সম্ভাব্যতা সমীক্ষার সংস্থান থাকলে তা প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা দপ্তরে মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনের

বিপরীতে যথাযথ প্রমাণক আব্যশিকভাবে সংরক্ষণ করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৪-২০২৩
মোঃ নুরুল ইসলাম সরকার
মহাপরিচালক

**নম্বর:** ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৩১

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৯। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১০। প্রধান প্রকৌশলী, সকল জোন;
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ;
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা;
১৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
১৬। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৭। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা;
১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২১। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো;
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৯। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩০। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩১। পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩২। সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৩। পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৫। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৬। পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৮। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৯। পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪০। যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪১। পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় এবং
৪৭। নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ।

০৩-০৫-২০২৩
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পরিশিষ্ট-ক